গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সাধারণ অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪১৬.৭৯.০০০১.২৫.৮৩৩ — তারিখ: ৬ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ / ২১ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: এমআরডিআই-এর কার্যক্রমে সহযোগিতা প্রদান।

সূত্র: জনাব হাসিবুর রহমান, নির্বাহী পরিচালক, মিডিয়া রিসোর্স ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ (এমআরডিআই), ৮/১৯, স্যার সাইদ রোড (৩য় ও ৪র্থ তলা), ব্লক-এ, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ এর ১১ নভেম্বর ২০২৫ তারিখের আবেদন।

তথ্য অধিকার আইন বাস্তবায়নের বিষয়ে জনগণের সচেতনতা যাচাই এর লক্ষ্যে মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং তাদের আওতাধীন দপ্তর সমূহের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং আপিল কর্তৃপক্ষের মধ্যে Media Resources Development Initiative (MRDI) নামক বেসরকারি উন্নয়ন সংস্থা একটি জরিপ কার্যক্রম পরিচালনা করতে আগ্রহী। এ জরিপ কার্যক্রমটি এমআরডিআই, GFA Consulting Group GmbH (GFA)-এর সহযোগিতায় Strategic Togetherness for inclusive Development' প্রকল্পের আওতায় পরিচালিত হচ্ছে। প্রকল্পটি এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক অনুমোদন প্রাপ্ত।

২। এমতাবস্থায়, এআরডিআই কর্তৃক জরিপ পরিচালনাকালে বিধি মোতাবেক প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: এক পৃষ্ঠা।

সকল সংযুক্তিসমূহ:
(১) আবেদনের ছায়ালিপি

২১-১২-২০২৫
তানিয়া আফরোজ
উপসচিব
২২৬৬৪১০৪৮
general_sec@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)।

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪১৬.৭৯.০০০১.২৫.৮৩৩/১ (২) — তারিখ: ৬ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ / ২১ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি:
১। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ।
২। জনাব হাসিবুর রহমান, নির্বাহী পরিচালক, মিডিয়া রিসোর্স ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ (এমআরডিআই), ৮/১৯, স্যার সাইদ রোড (৩য় ও ৪র্থ তলা), ব্লক-এ, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-১ অধিশাখা
www.mopme.gov.bd

নং: ৩৮.০০.০০০০.০০৭.০৪.০০৫.২০২৪-০৮ — তারিখঃ ২৩ পৌষ ১৪৩২ / ০৭ জানুয়ারি ২০২৬

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
২. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
৩. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, মহাখালী, ঢাকা।
৪. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক প্রাথমিক শিক্ষা একাডেমি, ময়মনসিংহ।
৫. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ভবন, মিরপুর-২, ঢাকা।
৬. অফিস কপি।

৭.১.২০২৬
রওশন আরা ...
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
www.bnfe.gov.bd

স্মারক নং-৩৮.০০.০০০০.০০০.৩০১.১৮.০২৪৫.২২-২৬২ — তারিখ: ১৫ মাঘ ১৪৩২ / ২৯ জানুয়ারি ২০২৬

সংযুক্ত পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (প্রশাসন, অর্থ, বাস্তবায়ন ও প্রশিক্ষণ/ পরিকল্পনা, মনিটরিং ও মূল্যায়ন), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা
২। উপপরিচালক (সকল), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
৩। সিস্টেম এনালিস্ট (অতিরিক্ত দায়িত্ব), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা (ব্যুরোর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৪। সহকারী পরিচালক (সকল), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা
৫। সহকারী পরিচালক (সকল), জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, জেলা------------------
৬। লাইব্রেরীয়ান/ সহকারী প্রোগ্রামার, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা
৭। প্রশাসনিক কর্মকর্তা, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা
৮। উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা কর্মকর্তা, উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো ..................
৯। অফিস কপি

২৯/০১/২০২৬
জিহাদুল ইসলাম জিহাদ
সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)

MRDI

Media Resources Development Initiative

| |
|---|
| যুগ্মসচিব (জেমাপ্র) |
| যুগ্মসচিব (জেম্যা) |
| উপসচিব (মাপ্রশৃ) |
| উপসচিব (মাপ্রসংস্থা) |
| উপসচিব (মাপ্রসংযোগ) |
| উপসচিব (মাপ্রসমন্বয়) |
| সি:স:সচিব (জেম্যানি) |
| ব্যক্তিগত কর্মকর্তা |
| ডায়েরী নং |
| তারিখ: ১৬/১১/২৫ |
| অতিরিক্ত সচিব (জেমাপ্র) |

এমআরডিআই/২০২৫-২৬/১৯০

১১ নভেম্বর ২০২৫

ড. শেখ আব্দুর রশীদ
মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

বিষয়: এমআরডিআই-এর কার্যক্রমে সহযোগিতা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

এমআরডিআই-এর পক্ষ থেকে শুভেচ্ছা! তথ্য অধিকার আইন বিষয়ে জনগণের সচেতনতা যাচাই-এর লক্ষ্যে জাতীয় পর্যায়ে এমআরডিআই পরিচালিত জরিপ কার্যক্রমের সফল বাস্তবায়নের জন্য মাঠ পর্যায়ে জরিপ পরিচালনাকালে জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে একটি পত্র প্রদানের জন্য আপনার প্রতি বিশেষ কৃতজ্ঞতা প্রকাশ করছি।

আপনি জেনে আনন্দিত হবেন, জেলা এবং উপজেলা পর্যায়ের জরিপ কার্যক্রম প্রায় সম্পন্ন হবার পথে। এ পর্যায়ে এমআরডিআই মন্ত্রণালয় ও বিভাগসমূহ এবং তাদের আওতাধীন দপ্তরসমূহের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং আপিল কর্তৃপক্ষের মধ্যেও জরিপ কাজটি পরিচালনা করতে চায়।

পূর্বের মতো এ বিষয়ে আপনার সদয় সহযোগিতা কামনা করছি এবং সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য আপনাকে বিনীত অনুরোধ জানাচ্ছি।

জরিপের অংশ হিসাবে একটি নির্দিষ্ট প্রশ্নমালার মাধ্যমে সারা দেশের প্রায় ৩,২০০ জন সাধারণ মানুষের তথ্য অধিকার আইন বিষয়ে সচেতনতার হার নির্ধারণ ইতোমধ্যেই সম্পন্ন হয়েছে। একইসাথে ১০০ জন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও ২০ জন আপিল কর্তৃপক্ষের মধ্যে জরিপ পরিচালনা এবং বিভিন্ন অংশীজনের মধ্যে ১৫টি ফোকাস গ্রুপ আলোচনা চলমান রয়েছে। এছাড়াও জরিপের আওতায় তথ্য কমিশনের প্রদানকৃত ১০০টি রায় পর্যালোচনা এবং ১০ জন বিষয় বিশেষজ্ঞের সাক্ষাৎকার গ্রহণ করা হবে।

কার্যক্রমটি এমআরডিআই, GFA Consulting Group GmbH (GFA)-এর সহযোগিতায় *'Strategic Togetherness for Inclusive Development'* প্রকল্পের আওতায় পরিচালিত হচ্ছে। প্রকল্পটি এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক অনুমোদনপ্রাপ্ত।

এমআরডিআই-এর কার্যক্রমে আপনার সহযোগিতার জন্য কৃতজ্ঞতা।

| |
|---|
| যুগ্মসচিব (জেলা ও মাঠ প্রশাসন) |
| মন্ত্রিপরিষদ বিভাগ |
| সিসস/উপসচিব (মাপ্রশৃ) |
| সিসস/উপসচিব (মাপ্রসংস্থা) |
| সিসস/উপসচিব (মাপ্রস) |
| সিসস/উপসচিব (মাপ্রসমন্বয়) |
| ব্যক্তিগত কর্মকর্তা |
| ডায়েরী নং ২৮৫৭ |
| তারিখ: ১৬/১১/২৫ |

ধন্যবাদান্তে,

হাসিবুর রহমান
নির্বাহী পরিচালক

8/19, Sir Syed Road (3rd & 4th Floor), Block-A, Mohammadpur, Dhaka-1207, Bangladesh
+88 02 41022772-74 info@mrdibd.org www.mrdibd.org